

## জাতীয় শোক দিবস-২০১৯ উপলক্ষ্যে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা

১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০১৯ উপলক্ষ্যে গণগ্রন্থাগার অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক জেলা সরকারি গণগ্রন্থাগার শেরপুর কর্তৃক নিম্নোক্ত বিষয়ে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত প্রতিযোগিতায় আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী অংশগ্রহণের জন্য আহ্বান করা হচ্ছে।

### ক) রচনা প্রতিযোগিতা :

ক্র.নং	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা	রচনা জমা দেয়ার শেষ তারিখ
১.	ক	পঞ্চম-অষ্টম	খোকা থেকে বঙ্গবন্ধু	১০০০	২০/০৮/২০১৯ খ্রি.
২.	খ	নবম-দ্বাদশ	বঙ্গবন্ধু ও বাংলাদেশ	১২০০	
৩.	গ	স্নাতক-স্নাতকোত্তর	বঙ্গবন্ধুর কারাগার জীবন	১৫০০	
৪.	ঘ	সর্বসাধারণ	১৫ আগস্টের শোকাবহ রাত	১৮০০	

### শর্তাবলী :

- রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার এক দিকে লিখতে হবে, উভয় দিকে লেখা যাবে না।
- ছাত্র-ছাত্রীদের রচনা স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং অন্যান্য প্রতিযোগীর রচনা জাতীয় পরিচয় পত্রের ফটোকপি/প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ জমা দিতে হবে।
- রচনায় অবশ্যই প্রতিযোগীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা, মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
- রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার অধিক হলে তা মূল্যায়নের জন্য বিবেচনাযোগ্য হবে না।
- রচনার শেষে তথ্যসূত্র/রেফারেন্স(যেসকল বইয়ের সাহায্য নেয়া হয়েছে) উল্লেখ করতে হবে।

### খ) চিত্রাংকন প্রতিযোগিতা

ক্র.নং	গ্রুপ	বয়সসীমা	প্রতিযোগিতার বিষয়	প্রতিযোগিতার তারিখ, স্থান ও সময়
১.	ক	অনুর্ধ্ব-৭ বছর	উন্মুক্ত	২০/০৮/২০১৯ খ্রি. বিকেল ৩:৩০ টা জেলা সরকারি গণগ্রন্থাগার শেরপুর
২.	খ	অনুর্ধ্ব-১২ বছর	শিশুদের প্রিয় বঙ্গবন্ধু	

### শর্তাবলী :

১. আগ্রহী প্রত্যেক প্রতিযোগিকে আগামী ১৯/০৮/১৯ তারিখের মধ্যে রেজিস্ট্রেশন করতে হবে।
২. বয়স প্রমাণের জন্য জন্ম সনদের সত্যায়িত কপি/বিদ্যালয় কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
৩. আগ্রহী প্রত্যেক প্রতিযোগিকে কাগজ/আর্ট পেপার ব্যতীত চিত্রাংকনের জন্য প্রয়োজনীয় সামগ্রী নিজ দায়িত্বে সঙ্গে আনতে হবে।



১৭/০৭/১৯

(সাজ্জাদুল করিম)

লাইব্রেরিয়ান

ফোন : ০৯৩১-৬১৬১৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতক্রমে নয়) :

১. মহাপরিচালক (অতিরিক্ত সচিব), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
২. জেলা প্রশাসক, শেরপুর।
৩. অধ্যক্ষ, -----।
৪. জেলা শিক্ষা অফিসার, শেরপুর।
৫. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, শেরপুর।
৬. জেলা তথ্য অফিসার, শেরপুর (বিষয়টি মাইকযোগে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
৭. জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, শেরপুর (বিজ্ঞপ্তিটি আপনার দপ্তরের নোটিশ বোর্ডে দেওয়ার জন্য অনুরোধ করা হলো)।
৮. উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর সদর/ নালিতাবাড়ি/ ঝিনাইগাতী/ নকলা/ শ্রীবরদী।
৯. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শেরপুর সদর/ নালিতাবাড়ি/ ঝিনাইগাতী/ নকলা/ শ্রীবরদী।
১০. উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, শেরপুর সদর/ নালিতাবাড়ি/ ঝিনাইগাতী/ নকলা/ শ্রীবরদী।
১১. প্রধান শিক্ষক, -----।
১২. সম্পাদক,----- বিষয়টি আপনার বহুল প্রচারিত পত্রিকায় প্রেস বিজ্ঞপ্তি হিসাবে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৩. -----।
১৪. অফিস কপি।

(সাজ্জাদুল করিম)  
লাইব্রেরিয়ান  
ফোন : ০৯৩১-৬১৬১৪  
মোবা : ০১৭৯০৫৮৮৪৫৮  
dplsherpur@gmail.com